

স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.২৪.০২৪.২০১৫-৮৭৮


তারিখঃ ১৭/০৮/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক উপজেলা পর্যায়ে নির্মিত ও হস্তান্তরিত জোড়াবাড়ির ভাড়া বাবদ প্রাপ্ত আয়ের বন্টন প্রসঙ্গে।

- সূত্রঃ (১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- থানা/১বি-১/৯৩/১২৫ (৩২৫), তারিখ ১৪/০১/১৯৯৬খ্রিঃ  
(২) বিআরডিবি'র স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৯.০০.৮৬৯.৯৯-১২৭২৩, তারিখঃ ১৯/১২/২০১৬খ্রিঃ  
(৩) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-৪৭.০২৩.০০৩.০৬২.৭১.২০১২-৮৭ (০৬), তাং ০২/০৩/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে বিশ্বব্যাপক, এশিয়া উন্নয়ন ব্যাংক এবং ডানিডার সহায়তায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক উপজেলা পর্যায়ে নির্মিত এবং উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত ৪০৯টি জোড়াবাড়ীর ভাড়া ও রক্ষণাবেক্ষণ বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ১৪/০১/১৯৯৬খ্রিঃ তারিখের স্মারক নং- থানা/১বি-১/৯৩/১২৫ (৩২৫) মূলে জারীকৃত আদেশ নিম্নবর্ণিতভাবে আংশিক সংশোধন/সংযোজন করা হলোঃ

- (ক) জোড়াবাড়ীর আয় বন্টন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ১৪/০১/১৯৯৬ তারিখের থানা/১বি-১/৯৩/১২৫ (৩২৫) নং স্মারকে গঠিত কমিটিতে সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে কমিটির সদস্য সচিব হিসেবে মনোনীত করা হলো। তবে কমিটির কার্য পরিধি অপরিবর্তিত থাকবে।  
(খ) জোড়াবাড়ীর আয়-ব্যয় পরিচালনার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে আলাদা ব্যাংক হিসাব পরিচালিত হবে; এবং  
(গ) জোড়াবাড়ী হতে প্রাপ্য সমুদয় বাসা ভাড়া উক্ত আলাদা ব্যাংক হিসাবে জমা করা হবে।

  
(মোহাম্মদ জাহিরুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭২৩০  
e-mail: lgd.upazila2@gmail.com

বিতরণঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে-

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লীভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার,.....বিভাগ (সকল)।
৪. জেলা প্রশাসক,..... (সকল)।
৫. উপ-সচিব (উপজেলা-১), স্থানীয় সরকার বিভাগ।
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭. চেয়ারম্যান .....উপজেলা পরিষদ (সকল)।
৮. উপজেলা নির্বাহী অফিসার,..... উপজেলা (সকল)।
৯. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) .....উপজেলা পরিষদ (সকল)।
১০. উপজেলা প্রকৌশলী, এলজিইডি,.....উপজেলা পরিষদ (সকল)।
১১. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার .....উপজেলা পরিষদ (সকল)।
১২. সভাপতি, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি.....উপজেলা.....জেলা।
১৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।